

## রবীন্দ্র প্রসঙ্গ

### ‘পালকি-বেহারার গান’

[ সরোজিনী নাইডুর Palanquin-Bearers কবিতার অহুবাদ ‘পালকি-বেহারার গান’ এই সংখ্যার অন্তর্গত পুনর্মুদ্রিত হইয়াছে। অহুবাদটি বঙ্গদর্শনে যখন প্রথম প্রকাশিত হয় তখন অহুবাদের নাম প্রকাশিত হয় নাই। তখন রবীন্দ্রনাথ বঙ্গদর্শন-সম্পাদক ছিলেন, স্বাক্ষরহীন রচনা সম্পাদক-কৃত বলিয়া অহুমেষ। কিন্তু বঙ্গদর্শনেই ইহার প্রতিকূল দৃষ্টান্ত আছে, যথা রবীন্দ্রনাথের লেখন গ্রন্থে অহুরূপ ঘুক্তিতে পুনর্মুদ্রিত প্রিয়থবা দেবীর কবিতা। স্বতরাং বিষয়টি অহুমহান-সাপেক ছিল। এই প্রসঙ্গে, রবীন্দ্র-তথ্যাহুসন্ধানের পথিক্কে শ্রীপ্রশান্তচন্দ্র মহলানবিশ ও ‘রবীন্দ্রদ্বীবনী’-কার শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায় শ্রীপুলিনবিহারী সেনকে যে চিঠি লিখিয়াছেন, তাহা নিম্নে মুদ্রিত হইল।—সম্পাদক, বিশ্বভারতী পত্রিকা ]

১

‘বঙ্গদর্শন’ চৈত্র ১০১২ সালে প্রকাশিত ‘পালকি-বেহারার গান’ সন্থকে তুমি যে প্রশ্ন তুলেছ, সে সন্থকে আমার বক্তব্য জানাচ্ছি।

অনেকদিন আগে আমি রবীন্দ্রনাথের রচনাবলীর একটা তালিকা তৈরি করে সেই তালিকা রবীন্দ্রনাথকে দেখিয়ে ঠিক করে নিয়েছিলুম। সেই পুথানে তালিকা এতদিন গিরিডিতে ছিল। সম্প্রতি সেখান থেকে কলকাতায় আনিয়া দেখছি যে ‘পালকি-বেহারার গান’ কবির নিজের অহুবাদ বলে এই তালিকায় লেখা আছে। আমার নিজেবও এই ভাবই স্বরণ আছে। কবি এই গানটি নিজে উর্ভমা করেছিলেন— এ বিষয়ে কোনো সন্দেহ নেই।

বৈশাখ ১০৫৬

শ্রীপ্রশান্তচন্দ্র মহলানবিশ